# Times Today BD

আশিকুর রহমান | ঢাকা | 18 April, 2025

নিজের শিশু সন্তানকে অন্যের কাছে ৪০ হাজার টাকায় বিক্রি করে দিয়েছেন পাষন্ড মা।বিক্রির সেই টাকায় কিনেছেন, মোবাইল, পায়ের নূপুর ও নাকের নথ। ঘটনাটি ঘটেছে টাঙ্গাইলের মধুপুর উপজেলার মধুপুর উপজেলার পুড়ুর শেওড়াতলা এলাকায়।

সম্প্রতি ওই এলাকার রবিউল ইসলামের স্ত্রী লাবনী আক্তার লিজা এক লোকের মাধ্যমে তার কোলের চার মাসের শিশু সন্তানকে বিক্রি করে দেন সিরাজগঞ্জের এক দম্পত্তির কাছে।

বৃহস্পতিবার (১৭ এপ্রিল) সন্ধ্যায় স্বামী রবিউল ইসলাম থানা পুলিশকে ঘটনাটি জানালে শিশুটিকে উদ্ধারে পুলিশ মাঠে নামেন। পুলিশ ওই নারীকে সঙ্গে নিয়ে উদ্ধার অভিযান শুরু করে।

পরে পুলিশ অভিযান চালিয়ে শুক্রবার শিশুটিকে উদ্ধার করে।

জানা গেছে, মধুপুর শেওড়াতলা এলাকার আজম আলীর ছেলে রবিউল ইসলামের সঙ্গে গোপালপুরের বলাটা গ্রামের লিটন মিয়ার মেয়ে লাবনী আক্তার লিজার দুই বছর আগে বিয়ে হয়।ফেসবুকে পরিচয়ের সূত্র ধরে তাদের এ বিয়ে।বিয়ের কিছু দিন পর থেকেই রবিউলের অসচ্ছলতার কারণে স্বামী-স্ত্রীর মধ্যে মনোমালিন্য দেখা দেয়।অবস্থা বেগতিক দেখে রবিউল সংসারে শান্তির প্রয়োজনে বাড়ির পাশেই ঘর ভাড়া নিয়ে বসবাস শুরু করেন।চার মাস আগে তাদের সংসারে একটি ছেলে সন্তান জন্ম নেয়।

রবিউল ইসলাম বলেন, ছেলে তামিমের জন্মের পর থেকে সংসারে অশান্তি নেমে আসে।অল্প

কয়েক দিন আগে লাবনী আমার ছেলে তামিমকে নিয়ে লাবনীর বোনের বাড়ি ভূঞাপুরে যায়। কয়েক দিন পর বাড়ি আসতে বললে লাবনী দুর্ব্যবহার করে।আমার সঙ্গে ঘর-সংসার করবে না বলে সাফ জানিয়ে দেয়।আমি কয়েক দিন পর আবার ফোন করে বলি তামিমের দাদা অসুস্থ। ছেলেকে নিয়ে এসো। সে তামিমকে দেখতে চাচ্ছে। লাবনী তাতেও ফিরে আসেনি। বারবার যোগাযোগের পর আজ লাবনী জানায় সে সন্তান বিক্রি করে দিয়েছে।পরে কৌশলে লাবনীকে ভূঞাপুর থেকে পাকুটিয়ায় ডেকে এনে ধরে বাড়ি নিয়ে আসি। এ সময় সে শিশু তামিমকে বিক্রি করার কথা স্বীকার করে। পরে পুলিশকে জানানো হয়।অভিযান চালিয়ে পুলিশ আমার সন্তানকে উদ্ধার করে।

লাবনী আক্তার লিজা জানায়, আমার মাথা ঠিক ছিল না।মনির নামের একজনের সহযোগিতায় গত ১০ এপ্রিল সিরাজগঞ্জের এক লোকের কাছে ৪০ হাজার টাকায় তামিমকে বিক্রি করেছি। ওই টাকা দিয়া মোবাইল, পায়ের নূপুর ও নাকের নথ কিনছি।

মধুপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. এমরানুল কবীর জানান, লাবনী নামে এক নারী তার ছেলেকে বিক্রি করেছিল। পরে তার দেয়া তথ্যমতে অভিযান চালিয়ে শিশুটিকে উদ্ধার করা হয়েছে।

বাচ্চা বিক্রি পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 02:14

URL: https://timestodaybd.com/public/dhaka/1002280819